আজকের কাগজ

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা... ৬ ...কলাম... ৪ ...

# ঢাঃ বিঃ ছাত্রছাত্রীদের দাবিতে শিক্ষকরা ক্লাস শুরু করতে পারেন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ** অবিলম্বে ক্লাস শুরু করার দাবিতে গতকাল সাধারণ ছাত্রছাত্রী পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আনোয়ার উল্লাহ চৌধুরীর কাছে স্মারকলিপি দিয়েছে।

স্মারকলিপিতে প্রদত্ত দাবি-দাওয়ার প্রেক্ষিতে অবিলম্বে শিক্ষকরা ক্লাস শুরু করার পদক্ষেপ নেবেন। পরিষদকে এ প্রতিশ্রুতি দেবার পর পরিষদ তাদের আগামী ১ ডিসেম্বর সোনালী ব্যাংক ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ঘেরাও করার কর্মসূচি প্রত্যাহার করে। ১ ডিসেম্বর সোনালী ব্যাংকের এ শাখা থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন তোলার দিন।

স্মারকলিপিতে পরিষদ শিক্ষকদের কর্মবিরতি প্রত্যাহারের আহবান জানায় এবং ক্লাস শুরু করার সুনির্দিষ্ট তারিখ ঘোষণা করার দাবি জানায়। স্মারকলিপিতে বলা হয়, 'সন্ত্রাসের চেয়ে সেশন জট আমাদের শিক্ষাজীবনের বড় শত্রু। তাই আপনাদের কর্মবিরতি আমরা সমর্থন করতে পারছি না।' ডঃ আনোয়ারুল্লাহ চৌধুরী স্মারকলিপিতে প্রদত্ত দাবির প্রেক্ষিতে শিক্ষক সমিতি অতিসত্বর ইতিবাচক সিদ্ধান্ত নেবে বলে ছাত্রদের আশ্বস্ত করেন।

উল্লেখ্য, গত ২ নভেম্বর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সন্ত্রাস দমনে সরকারি ব্যর্থতার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্যে কর্মবিরতি পালন করছেন।